DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 08:12 AM

জাতীয়

# জামিনে মুক্ত বেনজীরকে দেশে এনে বিচারের মুখোমুখি করা হবে: শামা ওবায়েদ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ১০:৩১ AM



ছবি সংগৃহীত

দুর্নীতি ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন অভিযোগে অভিযুক্ত পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে এনে আইনি প্রক্রিয়ার মাধ্যমে বিচারের মুখোমুখি করতে সরকার জোরালো প্রচেষ্টা চালাচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ।

রোববার (২ আগস্ট) দুপুরে রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনতে সংযুক্ত আরব আমিরাত (ইউএই) সরকারের সঙ্গে বাংলাদেশের প্রয়োজনীয় যোগাযোগ ও কাগজপত্র আদান-প্রদান চলছে।

প্রতিমন্ত্রী জানান, সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিষয়ে সংযুক্ত আরব আমিরাত সরকারের সঙ্গে আমাদের যোগাযোগ অব্যাহত

রয়েছে। আমিরাত কর্তৃপক্ষ আমাদের কাছে সুনির্দিষ্ট কিছু তথ্য ও নথিপত্র চেয়েছিল। স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় তথ্য ও নথি ইতোমধ্যে তাদের কাছে পাঠানো হয়েছে।

প্রত্যাবাসন প্রক্রিয়া সম্পর্কে তিনি বলেন, সংযুক্ত আরব আমিরাতের নিজস্ব আইন অনুযায়ী তারা প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া অনুসরণ করছে। একই সঙ্গে বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয় বজায় রেখেছে। তথ্য আদান-প্রদান এবং আইনি প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে।

বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে শামা ওবায়েদ বলেন, সব ধরনের আইনি ও কূটনৈতিক প্রক্রিয়া সম্পন্ন করে আমরা আশা করছি, খুব শিগগিরই অভিযুক্ত বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনা সম্ভব হবে। তাকে দেশে ফিরিয়ে এনে প্রচলিত আইন অনুযায়ী বিচার প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

তিনি আরও জানান, প্রত্যাবাসন প্রক্রিয়াকে আরও কার্যকর করতে পরবর্তী পদক্ষেপ কী হবে, সে বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরগুলোর সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে ২৪ ঘণ্টায় ৫১১ জন গ্রেপ্তার**
রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় বিভিন্ন থানায় ৪৯টি মামলা দায়ের ক...

**জুলাইয়ে সড়ক দুর্ঘটনায় নিহত ৪১৮ জন: বিআরটিএ**
গত জুলাই মাসে দেশে ৪৪১টি সড়ক দুর্ঘটনায় ৪১৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে মোটরসাইকেল দুর্ঘটনায় সবচেয়ে বেশি ১০৯ জন প্রাণ হারিয়েছেন।এসব দুর্ঘটনায় আহ...




**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**

প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




**প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/jamine-mukt-benjirke-deshe-ene-bicharer-mukhomukhi-kra-hbe-shama-obayed